গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ব্যবস্থাপনা পরিচালক, খুলনা ওয়াসা

এবং

সচিব, স্থানীয় সরকার বিভাগ: স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়-এর মধ্যে

স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৯ - জুন ৩০, ২০২০

# সূচিপত্র

দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র ........ ৩

প্রস্তাবনা ........ ৪

সেকশন ১: দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি ........ ৫

সেকশন ২: দপ্তর/সংস্থার বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ........ ৬

সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ ........ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........ ১৪

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি ........ ১৫

সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের উপর নির্ভরশীলতা ........ ১৬

## দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the Department/Organization)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

খুলনা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (খুলনা ওয়াসা) এর মূল লক্ষ্য হচ্ছে আওতাভুক্ত এলাকায় আবাসিক, বাণিজ্যিক ও শিল্প প্রতিষ্ঠানে নিরাপদ সুপেয় পানি সরবরাহের উদ্দেশ্যে ও পরিবেশবান্ধব পয়ঃনিষ্কাশন ব্যবস্থার জন্য প্রয়োজনীয় অবকাঠামো নির্মাণ, উন্নয়ন, পরিচালন ও রক্ষণাবেক্ষণ। খুলনা মহানগরীতে পানি সরবরাহ ব্যবস্থা উন্নয়ন এবং পানি সরবরাহ কভারেজ বৃদ্ধির লক্ষ্যে ৩ টি উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন করা হয়েছে। এ সকল প্রকল্পের অওতায় ৪১টি উৎপাদক নলকূপ স্থাপন, ৫৯.০০ কি:মি: পানি সরবরাহ পাইপ লাইন স্থাপন এবং ১৪০০০টি ফ্লো মিটার স্থাপন করা হয়েছে। ফলে সাম্প্রতিক কয়েক বছরে পানির উৎপাদন ও সরবরাহের পরিমান বৃদ্ধি পেয়ে ৫০% এ উন্নীত হয়েছে। ২০১৬ সালে ১৫৪৬৪টি পানির সংযোগ ছিলো যা বৃদ্ধি পেয়ে বর্তমানে ২০২৮০টি হয়েছে। ২০১৬ সালে গড়ে মাসিক রাজস্ব আদায়ের হার ছিলো ৯২% বর্তমানে বৃদ্ধি পেয়ে ৯৬% এ উন্নীত হয়েছে। পানির অপচয় রোধকল্পে ও পানির ব্যবহার অনুযায়ী বিল নির্ধারণের লক্ষ্যে পূর্বের মাসিক ফ্ল্যাট রেইট (ব্যাস পদ্ধতি) এর পরিবর্তে মিটারিং ব্যবস্থা চালুর লক্ষ্যে এ পর্যন্ত ৯০% পানির সংযোগে ফ্লো মিটার স্থাপন করা হয়েছে। খুলনা ওয়াসায় কম্পিউটারাইজড বিলিং সফটওয়্যার, একাউন্টিং সফটওয়্যার ও ইনভেনটরি সফটওয়্যার চালু করা হয়েছে। খুলনা ওয়াসায় গ্রাহকের অভিযোগ/সমস্যা তাৎক্ষনিকভাবে অবিহত হয়ে সমাধানের লক্ষ্যে কল সেন্টার সেবা চালু করা হয়েছে । গ্রাহকগন ওয়েবসাইটে সেবা সংক্রান্ত সমাস্যা লিপিবদ্ধ এবং দাখিল করে অভিযোগের সর্বশেষ পরিস্থিতি সম্পর্কে জানতে পারচ্ছেন এবং গ্রাহকগণ মোবাইল ফোন থেকে জি-পে বা শিওর ক্যাশ অ্যাপ এর মাধ্যমে খুলনা ওয়াসার পানির বিল পরিশাধ করতে পারচ্ছেন।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

জলবায়ু পরিবর্তনজনিত কারণে খুলনা অঞ্চলে ভূ-গর্ভস্থ ও ভূ-উপরিস্থ পানিতে লবণাক্ততা দিন দিন বৃদ্ধি হওয়ায় ও পানির স্তর নিচে নেমে যাওয়ার পরিপ্রেক্ষিতে সুপেয় নিরাপদ পানি সরবরাহ নিশ্চিত করা অন্যতম চ্যালেঞ্জ। খুলনা ওয়াসা নতুন প্রতিষ্ঠান হিসেবে অভিজ্ঞতা সম্পন্ন দক্ষ কারিগরী জনবলের অভাব। গ্রাহকের চাহিদা অনুযায়ী সুপেয় পানি সরবরাহের কাভারেজ ১০০% এ উন্নীত করা এবং সকল পর্যায়ে তথ্য প্রযুক্তির সর্বোত্তম ব্যবহার করে পেশাগত দক্ষতা, স্বচ্ছতা, জবাবদিহিতা এবং সুশাসন প্রতিষ্ঠার মাধ্যমে গ্রাহক সন্তোষষ্টি অর্জন করা।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

বর্তমানে খুলনা মহানগরীতে পয়ঃনিষ্কাশন ব্যবস্থা চালু নাই। পরিবেশ বান্ধব পয়ঃনিষ্কাশন ব্যবস্থার অবকাঠামো নির্মাণের লক্ষ্যে ফিজিবিলিটি স্টাডি ও মাস্টার প্লান সম্পন্ন করা হয়েছে। পয়ঃনিষ্কাশন ব্যবস্থা চালুর লক্ষ্যে খুলনা ওয়াসায় ভূমি অধিগ্রহণ প্রকল্প বাস্তবায়নাধীন রয়েছে। এডিবি'র আর্থিক সহযোগীতায় পয়ঃনিষ্কাশন ব্যবস্থার মূল কার্যক্রম গ্রহণের লক্ষ্যে ২০১৯-২০ অর্থ বছরে প্রকল্প প্রণয়ন করে প্রথম পর্যয়ের (২০২০-২০২৪ সাল) পয়ঃনিষ্কাশন কার্যক্রম গ্রহণ করা হবে। সুপেয় পানি সরবরাহে ২০২৫ সালের মধ্যে ভূ-উপরিস্থ ও ভূ-গর্ভস্থ পানি সরবরাহের অনুপাত ৯০:১০ এ উন্নীত করার জন্য খুলনা পানি সরবরাহ প্রকল্প ফেজ-২ প্রকল্প গ্রহণের পরিকল্পনা গ্রহণ করা হচ্ছে।

**২০১৯-২০ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- ৫২৩০টি হোল্ডিং এ পানির সংযোগ প্রদান।
- নিরাপদ পানি উৎপাদন ও সরবরাহ ১৫৮ এম এল ডি।
- ১২০টি পানির গুণগত মান পরীক্ষা করা।
- পানি সরবরহ ব্যবস্থায় দক্ষতা বৃদ্ধিতে DMA বাস্তবায়ন।
- পাইপ লাইনে ৬০টি লিক মেরামত।
- মিটারবিহীন পানির সংযোগে মিটার স্থাপন করে ৯৬% এ উন্নীত করা।
- ডিমান্ড বিলের ৯৭% রাজস্ব আদায় ।
- নন রেভনিউ ওয়াটার (NRW) হ্রাসকরণ।
- নতুন উন্নয়ন প্রকল্প প্রণয়ন।

# প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

ব্যবস্থাপনা পরিচালক, খুলনা ওয়াসা

এবং

সচিব, স্থানীয় সরকার বিভাগ: স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়-এর মধ্যে ২০১৯ সালের ......... মাসের ..... তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision)

নিরাপদ পানি সরবরাহ ও পরিবেশ বান্ধব উন্নত পয়ঃনিষ্কাশন ব্যবস্থার মাধ্যমে গ্রাহক সেবার সন্তোষ্টি অর্জন।

### ১.২ অভিলক্ষ্য (Mission)

আধুনিক পরিকল্পনা, দক্ষ পরিচালনা ও রক্ষণাবেক্ষণ, মানব সম্পদ উন্নয়ন ও প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি করে নিরাপদ পানি সরবরাহ এবং পরিবেশ বান্ধব পয়ঃনিষ্কাশন ব্যবস্থার মাধ্যমে সর্বোত্তম সেবা প্রদান।

### ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)

#### ১.৩.১ দপ্তর/সংস্থার কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. পানি সরবরাহ কার্যক্রম সম্প্রসারণ।
২. নিরাপদ পানি উৎপাদন ও সরবরাহ করা।
৩. পাইপলাইন পরিচালনা ও রক্ষনাবেক্ষন এবং মিটারিং ব্যবস্থা চালুকরণ।
৪. প্রাতিষ্ঠানিক সক্ষমতা উন্নীতকরণ।
৫. উন্নয়ন প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়ন।

#### ১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি
২. দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ
৩. আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন

### ১.৪ কার্যাবলি (Functions)

১. আবাসিক, বানিজ্যিক ও শিল্প প্রতিষ্ঠানে নিরাপদ সুপেয় পানি সরবরাহের উদ্দেশ্যে পানি উৎপাদন, সংরক্ষণ ও সরবরাহ এবং পরিবেশ বান্ধব পয়ঃনিস্কাশন ব্যবস্থার জন্য প্রয়োজনীয় অবকাঠামো নির্মাণ, উন্নয়ন, পরিচালন ও রক্ষণাবেক্ষণ।
২. দীর্ঘমেয়াদী পানি সরবরাহ ও পয়ঃনিস্কাশন ব্যবস্থা উন্নয়নের জন্য সঠিক ও বাস্তবসম্মত পরিকল্পনা গ্রহণ।
৩. নন রেভিনিউ ওয়াটার (NRW) যুক্তিসংগত মাত্রায় কমিয়ে পানির অপচয় হ্রাস ও রাজস্ব আয় বৃদ্ধি।
৪. ডিজিটাল পদ্ধতি প্রবর্তনের মাধ্যমে প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি করে মানসম্পন্ন গ্রাহক সেবা নিশ্চিতকরণ।

## সেকশন ২

## দপ্তর/সংস্থার বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | চূড়ান্ত ফলাফল সূচক | একক | প্রকৃত অর্জন ২০১৭-১৮ | প্রকৃত অর্জন* ২০১৮-১৯ | লক্ষ্যমাত্রা ২০১৯-২০ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০২০-২১ | ২০২১-২০২২ | | |
| পানি উৎপাদন ও সরবরাহ | উৎপাদিত পানি | দৈনিক মিলিয়ন লিটার | ১১৯.৫০ | ১৫৮ | ১৫৮ | ১৬৭ | ১৭২ | স্থানীয় সরকার বিভাগ, কেসিসি খুলনা, সড়ক ও জনপথ বিভাগ | খুলনা ওয়াসার বার্ষিক প্রতিবেদন |

*সাময়িক (provisional) তথ্য

# সেকশন ৩

## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৭-১৮ | প্রকৃত অর্জন* ২০১৮-১৯ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৯-২০ | | | | | প্রক্ষেপণ ২০২০-২১ | প্রক্ষেপণ ২০২১-২০২২ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **দপ্তর/সংস্থার কৌশলগত উদ্দেশ্যসমুহ** | | | | | | | | | | | | | | | |
| [১] পানি সরবরাহ কার্যক্রম সম্প্রসারণ। | ১৮ | [১.১] পানির সংযোগ প্রদান | [১.১.১] পানির সংযোগ | সমষ্টি | সংখ্যা | ৬ | ১০০৫ | ৪২৪০ | ৫২৩০ | ৪৮০০ | ৩৫৭০ | ২৫৫০ | ২৫৫০ | ৩৩০০ | ২৫০০ |
| | | [১.২] পানি সংযোগ প্রদানের জন্য সার্ভিস লাইনের মালামাল সংগ্রহ | [১.২.১] সংগ্রহকৃত মালামাল | সমষ্টি | কি:মি: | ৬ | | | ১৪.৬০ | ১২.৫০ | ১০.৫০ | ৯.৫০ | ৮ | ৫ | ৪ |
| | | [১.৩] পানি সংযোগ প্রদানের জন্য সার্ভিস লাইন নির্মাণ | [১.৩.১] স্থাপনকৃত সার্ভিস লাইন | সমষ্টি | কি:মি: | ৬ | | | ১৪.৬০ | ১২.৫০ | ১০.৫০ | ৯.৫০ | ৮ | ৬.২০ | ৫.৫০ |
| [২] নিরাপদ পানি উৎপাদন ও সরবরাহ করা। | ১৮ | [২.১] খুলনা শহরে নিরাপদ পানি উৎপাদন ও সরবরাহ | [২.১.১] উৎপাদিত পানি | ক্রমপুঞ্জিভূত | দৈনিক মিলিয়ন লিটার | ১০ | ১২২.৫০ | ১৫৮ | ১৫৮ | ১৪২ | ১৩২ | ১২২.৫০ | ১২১ | ১৬৭ | ১৭২ |
| | | [২.২] পানির গুণগত মান পরীক্ষকরণ | [২.২.১] পানির নমুনা পরীক্ষা | সমষ্টি | সংখ্যা | ৮ | ৮৪ | ৯৮ | ১২০ | ১১০ | ১০২ | ৯৮ | ৮৫ | ১৩০ | ১৪০ |
| [৩] পাইপলাইন পরিচালনা ও রক্ষনাবেক্ষন এবং মিটারিং ব্যবস্থা চালুকরণ। | ১৮ | [৩.১] পানি সরবরহ ব্যবস্থায় দক্ষতা বৃদ্ধিতে DMA বাস্তবায়ন | [৩.১.১] পানি সরবরাহ ব্যবস্থা পর্যাবেক্ষণ | সমষ্টি | সংখ্যা | ৬ | | ১ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৮ | ৩৫ | ১০ | |
| | | [৩.২] পাইপ লাইনে লিক মেরামত | [৩.২.১] মেরামতকৃত লিক | সমষ্টি | সংখ্যা | ৪ | ৯৫ | ৮০ | ৬০ | ৫৫ | ৫২ | ৪৮ | ৪৫ | ৬০ | ৬৫ |
| | | [৩.৩] পাইপলাইনের ক্ষতিগ্রস্ত অংশ প্রতিস্থাপন | [৩.৩.১] প্রতিস্থাপনকৃত ক্ষতিগ্রস্ত পাইপ | সমষ্টি | মিটার | ৪ | ৮২ | ৮০ | ৮০ | ৭৫ | ৭২ | ৬৮ | ৬৫ | ৮০ | ৭০ |
| | | [৩.৪] মিটারবিহীন গ্রাহকের পানির সংযোগে মিটার স্থাপন | [৩.৪.১] স্থাপনকৃত মিটার | ক্রমপুঞ্জিভূত | শতকরা | ৪ | ৭০ | ৯০ | ৯৬ | ৯৪ | ৮৭ | ৮২ | ৮০ | ৯৮ | ১০০ |
| [৪] প্রাতিষ্ঠানিক সক্ষমতা উন্নীতকরণ। | ১৬ | [৪.১] রাজস্ব আদায়ের হার বৃদ্ধি করা | [৪.১.১] রাজস্ব আদায় হার | ক্রমপুঞ্জিভূত | শতকরা | ৬ | ৯৬ | ৯৬ | ৯৭ | ৯৫ | ৯৪ | ৯৩ | ৯২ | ৯৮ | ৯৮.৫০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৭-১৮ | প্রকৃত অর্জন* ২০১৮-১৯ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৯-২০ | | | | | প্রক্ষেপণ ২০২০-২১ | প্রক্ষেপণ ২০২১-২০২২ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **দপ্তর/সংস্থার কৌশলগত উদ্দেশ্যসমুহ** | | | | | | | | | | | | | | | |
| | | [৪.২] নন রেভনিউ ওয়াটার (NRW) হ্রাসকরণ | [৪.২.১] হ্রাসকৃত NRW | ক্রমপুঞ্জিভূত | শতকরা | ৬ | ২৭ | ২৪ | ২০ | ২১ | ২২ | ২৩ | | ১৮ | ১৫ |
| | | [৪.৩] পানির অপচয় রোধে সচেতনামূলক বিজ্ঞপ্তি প্রকাশ | [৪.৩.১] পানির অপচয় রোধ | সমষ্টি | সংখ্যা | ৪ | | | ১২ | ১০ | ৮ | ৭ | ৬ | ১৫ | ১৮ |
| [৫] উন্নয়ন প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়ন। | ৫ | [৫.১] প্রকল্পের ডিপিপি প্রস্তুত ও অনুমোদন কার্যক্রম পরিচালনা | [৫.১.১] নতুন প্রকল্প গ্রহণ | সমষ্টি | সংখ্যা | ৫ | ১ | | ১ | | | | | ১ | ১ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৭-১৮ | প্রকৃত অর্জন* ২০১৮-১৯ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৯-২০ | | | | | প্রক্ষেপণ ২০২০-২১ | প্রক্ষেপণ ২০২১-২০২২ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমুহ** | | | | | | | | | | | | | | | |
| [১] কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি | ১০ | [১.১] দপ্তর/সংস্থায় ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন | [১.১.১] সকল শাখায় ই-নথিব্যবহার | গড় | % | ১ | | | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | | |
| | | | [১.১.২] ই-ফাইলে নথি নিস্পত্তিকৃত | গড় | % | ১ | | | ৭০ | ৬৫ | ৬০ | ৫৫ | ৫০ | | |
| | | | [১.১.৩] ই-ফাইলে পত্র জারীকৃত | গড় | % | ১ | | | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ | | |
| | | [১.২] দপ্তর/সংস্থাকর্তৃক ডিজিটাল সেবা চালু করা | [১.২.১] ন্যূনতম একটি নতুন ডিজিটাল সেবা চালুকৃত | তারিখ | তারিখ | ১ | | | ১৫.০২.২০ | ১৫.০৩.২০ | ৩১.০৩.২০ | ৩০.০৪.২০ | ৩০.০৫.২০ | | |
| | | [১.৩] দপ্তর/সংস্থাকর্তৃক উদ্ভাবনী উদ্যোগ/ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন | [১.৩.১] ন্যূনতম একটি নতুন উদ্ভাবনী উদ্যোগ/ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প চালুকৃত | তারিখ | তারিখ | ১ | | | ১১.০৩.২০ | ১৮.০৩.২০ | ২৫.০৩.২০ | ০১.০৪.২০ | ০৮.০৪.২০ | | |
| | | [১.৪] সেবা সহজিকরণ | [১.৪.১] ন্যূনতম একটি সেবা সহজিকরণ প্রসেস ম্যাপসহ সরকারি আদেশ জারিকৃত | তারিখ | তারিখ | ০.৫ | | | ১৫.১০.১৯ | ২০.১০.১৯ | ২৪.১০.১৯ | ২৮.১০.১৯ | ৩০.১০.১৯ | | |
| | | | [১.৪.২] সেবা সহজিকরণ অধিক্ষেত্রে বাস্তবায়িত | তারিখ | তারিখ | ০.৫ | | | ১৫.০৪.২০ | ৩০.০৪.২০ | ১৫.০৫.২০ | ৩০.০৫.২০ | ১৫.০৬.২০ | | |
| | | [১.৫] পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল ও ছুটি নগদায়নপত্র জারী করা | [১.৫.১] পি আর এল আদেশ জারিকৃত | গড় | % | ০.৫ | | | ১০০ | ৯০ | ৮০ | | | | |
| | | | [১.৫.২] ছুটি নগদায়ন পত্র জারিকৃত | গড় | % | ০.৫ | | | ১০০ | ৯০ | ৮০ | | | | |
| | | [১.৬] শূন্য পদের বিপরীতে নিয়োগ প্রদান | [১.৬.১] নিয়োগ প্রদানের জন্য বিজ্ঞপ্তি জারিকৃত | সমষ্টি | % | ০.৫ | | | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | | | |
| | | | [১.৬.২] নিয়োগ প্রদানকৃত | সমষ্টি | % | ০.৫ | | | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | | | |
| | | [১.৭] বিভাগীয় মামলা নিস্পত্তি | [১.৭.১] বিভাগীয় মামলা নিস্পত্তিকৃত | গড় | % | ১ | | | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | | | |
| | | [১.৮] তথ্য বাতায়ন হালনাগাদকরণ | [১.৮.১] সকল তথ্যহালনাগাদকৃত | গড় | % | ১ | | | ১০০ | ৯০ | ৮০ | | | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৭-১৮ | প্রকৃত অর্জন* ২০১৮-১৯ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৯-২০ | | | | | প্রক্ষেপণ ২০২০-২১ | প্রক্ষেপণ ২০২১-২০২২ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | | |
| [২] দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ | ৮ | [২.১] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন | [২.১.১] সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণসহ অন্যান্য বিষয়ে প্রশিক্ষণ আয়োজিত | সমষ্টি | জনঘন্টা | ১ | | | ৬০ | | | | | | |
| | | | [২.১.২] বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সকল প্রতিবেদন অনলাইনে দাখিলকৃত | সমষ্টি | সংখ্যা | ১ | | | ৪ | | | | | | |
| | | | [২.১.৩] এপিএ টিমের মাসিক সভার সিদ্ধান্ত বাস্তবায়িত | গড় | % | ০.৫ | | | ১০০ | ৯০ | ৮০ | | | | |
| | | | [২.১.৪] মাঠ পর্যায়ের কার্যালয়ের ২০১৯-২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনান্তে ফলাবর্তক (feedback) প্রদত্ত | তারিখ | তারিখ | ০.৫ | | | ৩১.০১.২০ | ০৭.০২.২০ | ১০.০২.২০ | ১১.০২.২০ | ১৪.০২.২০ | | |
| | | [২.২] জাতীয় শুদ্ধাচার কৌশল ও তথ্য অধিকার বাস্তবায়ন | [২.২.১] জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | সমষ্টি | % | ১ | | | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | | | |
| | | | [২.২.২] ২০১৮-১৯ অর্থ বছরের বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | তারিখ | ১ | | | ১৫.১০.১৯ | ১৫.১১.১৯ | ১৫.১২.১৯ | ১৫.০১.২০ | ৩১.০১.২০ | | |
| | | [২.৩] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | [২.৩.১] নির্দিষ্ট সময়ের মধ্যে অভিযোগ নিষ্পত্তিকৃত | গড় | % | ০.৫ | | | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | | | |
| | | | [২.৩.২] অভিযোগ নিষ্পত্তি সংক্রান্ত মাসিক প্রতিবেদন মন্ত্রণালয়ে দাখিলকৃত | সমষ্টি | সংখ্যা | ০.৫ | | | ১২ | ১১ | ১০ | ৯ | | | |
| | | [২.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ ও বাস্তবায়ন | [২.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকৃত | গড় | % | ১ | | | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | | | |
| | | | [২.৪.২] নির্ধারিত সময়ে ত্রৈমাসিক বাস্তবায়ন প্রতিবেদন মন্ত্রণালয়ে দাখিলকৃত | সমষ্টি | সংখ্যা | ০.৫ | | | ৪ | ৩ | ২ | | | | |
| | | | [২.৪.৩] সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণ ব্যবস্থা চালুকৃত | তারিখ | তারিখ | ০.৫ | | | ৩১.১২.১৯ | ১৫.০১.২০ | ০৭.০২.২০ | ১৭.০২.২০ | ২৮.০২.২০ | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৭-১৮ | প্রকৃত অর্জন* ২০১৮-১৯ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৯-২০ | | | | | প্রক্ষেপণ ২০২০-২১ | প্রক্ষেপণ ২০২১-২০২২ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমুহ** | | | | | | | | | | | | | | | |
| [৩] আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন | ৭ | [৩.১] বাজেট বাস্তবায়নে উন্নয়ন | [৩.১.১] বাজেট বাস্তবায়ন পরিকল্পনা প্রণীত | তারিখ | তারিখ | ০.৫ | | | ১৬.০৮.১৯ | ২০.০৮.১৯ | ২৪.০৮.১৯ | ২৮.০৮.১৯ | ৩০.০৮.১৯ | | |
| | | | [৩.১.২] ত্রৈমাসিক বাজেট বাস্তবায়ন প্রতিবেদন দাখিলকৃত | সমষ্টি | সংখ্যা | ০.৫ | | | ৪ | ৩ | | | | | |
| | | [৩.২] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) বাস্তবায়ন | [৩.২.১] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) বাস্তবায়িত | সমষ্টি | % | ২ | | | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | | |
| | | [৩.৩] অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | [৩.৩.১] ত্রিপক্ষীয় সভায় নিষ্পত্তির জন্য সুপারিশকৃত অডিট আপত্তি | সমষ্টি | % | ০.৫ | | | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ | | |
| | | | [৩.৩.২] অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | সমষ্টি | % | ০.৫ | | | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ | | |
| | | [৩.৪] স্থাবর ও অস্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা প্রস্তুত করা | [৩.৪.১] স্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত | তারিখ | তারিখ | ০.৫ | | | ০৩.০২.২০ | ১১.০২.২০ | ১৮.০২.২০ | ২৫.০২.২০ | ০৪.০৩.২০ | | |
| | | | [৩.৪.২] অস্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত | তারিখ | তারিখ | ০.৫ | | | ০৩.০২.২০ | ১১.০২.২০ | ১৮.০২.২০ | ২৫.০২.২০ | ০৪.০৩.২০ | | |
| | | [৩.৫] ইন্টারনেট বিলসহ ইউটিলিটি বিল পরিশোধ | [৩.৫.১] বিসিসি/বিটিসিএল-এর ইন্টারনেট বিল পরিশোধিত | সমষ্টি | % | ১ | | | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | | |
| | | | [৩.৫.২] টেলিফোন বিল পরিশোধিত | সমষ্টি | % | ০.৫ | | | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | | |
| | | | [৩.৫.৩] বিদ্যুৎ বিল পরিশোধিত | সমষ্টি | % | ০.৫ | | | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, ব্যবস্থাপনা পরিচালক, খুলনা ওয়াসা, সচিব, স্থানীয় সরকার বিভাগ: স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সচিব, স্থানীয় সরকার বিভাগ: স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় হিসাবে ব্যবস্থাপনা পরিচালক, খুলনা ওয়াসা-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

| | |
|---|---|
| ব্যবস্থাপনা পরিচালক<br>খুলনা ওয়াসা | তারিখ |
| সচিব<br>স্থানীয় সরকার বিভাগ: স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | তারিখ |

# সংযোজনী-১

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | ওয়াসা (WASA) | ওয়াটার সাপ্লাই এন্ড স্যুয়ারেজ অথরিটি |
| ২ | মি: | মিটার |
| ৩ | কি: মি: | কিলোমিটার |
| ৪ | এডিপি | এ্যানুয়াল ডেভলপমেন্ট প্রোগ্রাম |
| ৫ | এডিবি | এশিয়ান ডেভলপমেন্ট ব্যাংক |
| ৬ | এনআরডাব্লু (NRW) | নন রেভিনিউ ওয়াটার |
| ৭ | ডি এম এ (DMA) | ডিস্ট্রিক্ট মিটারিং এরিয়া |

## সংযোজনী- ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং পরিমাপ পদ্ধতি-এর বিবরণ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [১.১] পানির সংযোগ প্রদান | [১.১.১] পানির সংযোগ | খুলনা মহানগরী এলাকায় আবাসিক, বাণিজ্যিক ও শিল্প প্রতিষ্ঠানে এলাকায় পানির সংযোগ প্রদান। | খুলনা ওয়াসা | পূর্ববর্তী বছরগুলির সাথে তুলনা | খুলনা ওয়াসার বার্ষিক প্রতিবেদন |
| [১.২] পানি সংযোগ প্রদানের জন্য সার্ভিস লাইনের মালামাল সংগ্রহ | [১.২.১] সংগ্রহকৃত মালামাল | পানির সংযোগ প্রদানের জন্য সার্ভিস লাইনের মালামাল ক্রয় করা। | খুলনা ওয়াসা | পূর্ববর্তী বছরগুলির সাথে তুলনা | খুলনা ওয়াসার বার্ষিক প্রতিবেদন |
| [১.৩] পানি সংযোগ প্রদানের জন্য সার্ভিস লাইন নির্মাণ | [১.৩.১] স্থাপনকৃত সার্ভিস লাইন | পানির সংযোগে প্রদানের জন্য সার্ভিস পাইপ লাইন স্থাপন। | খুলনা ওয়াসা | পূর্ববর্তী বছরগুলির সাথে তুলনা | খুলনা ওয়াসার বার্ষিক প্রতিবেদন |
| [২.১] খুলনা শহরে নিরাপদ পানি উৎপাদন ও সরবরাহ | [২.১.১] উৎপাদিত পানি | খুলনা মহানগরী এলাকায় দৈনিক উৎপাদিত পানি সরবরাহ করা। | খুলনা ওয়াসা | পূর্ববর্তী বছরগুলির সাথে তুলনা | খুলনা ওয়াসার বার্ষিক প্রতিবেদন |
| [২.২] পানির গুণগত মান পরীক্ষকরণ | [২.২.১] পানির নমুনা পরীক্ষা | পানির গুণগত মান নিয়মিত পরিবীক্ষণ এর লক্ষ্যে ল্যাবরেটরীতে পানির নমুণা পরীক্ষা করা। | খুলনা ওয়াসা | পূর্ববর্তী বছরগুলির সাথে তুলনা | খুলনা ওয়াসার বার্ষিক প্রতিবেদন |
| [৩.১] পানি সরবরহ ব্যবস্থায় দক্ষতা বৃদ্ধিতে DMA বাস্তবায়ন | [৩.১.১] পানি সরবরাহ ব্যবস্থা পর্যাবেক্ষণ | উৎপাদিত পানি, সরবরাহকৃত পানি এবং ব্যবহৃত পানি ফ্লো ও প্রেসার পরিবীক্ষণ করে পানি সরবরাহ ব্যবস্থা তদারকি করা। | খুলনা ওয়াসা | পূর্ববর্তী বছরগুলির সাথে তুলনা | খুলনা ওয়াসার বার্ষিক প্রতিবেদন |
| [৩.২] পাইপ লাইনে লিক মেরামত | [৩.২.১] মেরামতকৃত লিক | সরবরাহকৃত পানির পাইপলাইনে লিক চিহ্নিত হওয়ার পরে মেরামত করা। | খুলনা ওয়াসা | পূর্ববর্তী বছরগুলির সাথে তুলনা | খুলনা ওয়াসার বার্ষিক প্রতিবেদন |
| [৩.৩] পাইপলাইনের ক্ষতিগ্রস্ত অংশ প্রতিস্থাপন | [৩.৩.১] প্রতিস্থাপনকৃত ক্ষতিগ্রস্ত পাইপ | সরবরাহকৃত পানির ক্ষতিগ্রস্থ পাইপ মেরামতকালে প্রয়োজনে নতুন পাইপ প্রতিস্থাপন করা। | খুলনা ওয়াসা | পূর্ববর্তী বছরগুলির সাথে তুলনা | খুলনা ওয়াসার বার্ষিক প্রতিবেদন |
| [৩.৪] মিটারবিহীন গ্রাহকের পানির সংযোগে মিটার স্থাপন | [৩.৪.১] স্থাপনকৃত মিটার | মিটারবিহীন পানির সংযোগে মিটার স্থাপন করে ৯৬% এ উন্নীত করা। | খুলনা ওয়াসা | পূর্ববর্তী বছরগুলির সাথে তুলনা | খুলনা ওয়াসার বার্ষিক প্রতিবেদন |
| [৪.১] রাজস্ব আদায়ের হার বৃদ্ধি করা | [৪.১.১] রাজস্ব আদায় হার | রাজস্ব আদায় বৃদ্ধির লক্ষ্যমাত্রা অনুযায়ী রাজস্ব আদায়ে কার্যকরী পদক্ষেপ গ্রহণ করা। | খুলনা ওয়াসা | পূর্ববর্তী বছরগুলির সাথে তুলনা | খুলনা ওয়াসার বার্ষিক প্রতিবেদন |
| [৪.২] নন রেভনিউ ওয়াটার (NRW) হ্রাসকরণ | [৪.২.১] হ্রাসকৃত NRW | উৎপাদিত পানির সিস্টেম লস কমানোর লক্ষ্যে দক্ষ মিটারিং ও বিলিং ব্যবস্থাপনাসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ। | খুলনা ওয়াসা | পূর্ববর্তী বছরগুলির সাথে তুলনা | খুলনা ওয়াসা |
| [৪.৩] পানির অপচয় রোধে সচেতনামূলক বিজ্ঞপ্তি প্রকাশ | [৪.৩.১] পানির অপচয় রোধ | সবরাহাকৃত পানি যথাযথ ও পরিমিত ব্যবহারে জনগনকে সচেতন করার জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ। | খুলনা ওয়াসা | পূর্ববর্তী বছরগুলির সাথে তুলনা | খুলনা ওয়াসার বার্ষিক প্রতিবেদন |
| [৫.১] প্রকল্পের ডিপিপি প্রস্তুত ও অনুমোদন কার্যক্রম পরিচালনা | [৫.১.১] নতুন প্রকল্প গ্রহণ | খুলনা মহানগরী আধুনিক পয়:নিষ্কাশন ব্যবস্থা নির্মাণের জন্য নতুন প্রকল্প গ্রহণ। | খুলনা ওয়াসা | পূর্ববর্তী বছরগুলির সাথে তুলনা | খুলনা ওয়াসার বার্ষিক প্রতিবেদন |

## সংযোজনী ৩: অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের/অধিদপ্তর/সংস্থা-এর নিকট প্রত্যাশিত সুনির্দিষ্ট কর্মসম্পাদন সহায়তাসমূহ

| প্রতিষ্ঠানের ধরণ | প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের প্রত্যাশিত সহায়তা | প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|
| অন্যান্য | খুলনা সিটি কর্পোরেশন | প্রতিস্থাপনকৃত ক্ষতিগ্রস্ত পাইপ | রাস্তা কাটা অনুমোদনের জন্য প্রয়োজনীয় সহযোগিতা প্রদান। | পানি সরবরাহ কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনা করা। | পানি সরবরাহ কার্যক্রম বাধাগ্রস্ত হবে। |
| অন্যান্য | খুলনা সিটি কর্পোরেশন | স্থাপনকৃত সার্ভিস লাইন | রাস্তা কাটা অনুমোদনের জন্য প্রয়োজনীয় সহযোগিতা প্রদান। | পানি সরবরাহ কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনা করা। | পানি সরবরাহ কার্যক্রম বাধাগ্রস্ত হবে। |
| অন্যান্য | জেলা প্রশাসক, খুলনা | নতুন প্রকল্প গ্রহণ | ভূমি অধিগ্রহণ কার্যক্রম দ্রুততার সাথে সম্পন্ন করা। | অধিগ্রহণকৃত জমিতে প্রয়োজনীয় অবকাঠামো নির্মাণ | গৃহীত কার্যক্রম বাস্তবায়নে বিলম্বিত হওয়া। |
| মন্ত্রণালয় | ভূমি মন্ত্রণালয় | নতুন প্রকল্প গ্রহণ | ভূমি অধিগ্রহণ কার্যক্রম দ্রুততার সাথে সম্পন্ন করা। | অধিগ্রহণকৃত জমিতে প্রয়োজনীয় অবকাঠামো নির্মাণ। | গৃহীত কার্যক্রম বাস্তবায়নে বিলম্বিত হওয়া। |